৬৬। স্মারক নং- ৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫-২৬, তারিখ ঃ ২০.০৫.২০২৫ইং এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট, আদালত-১, ঢাকা ওয়াসা হতে প্রাপ্ত।

৯৩ । পত্র ক্রমিক নং-৬৬ সদয় দ্রষ্টব্য। রাজস্ব জোন-৪ এর আওতাধীন এলাকায় অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানি ও পয়ঃ বকেয়া বিল আদায়ের লক্ষ্যে আগামী ১৬.০৬.২০২৫ইং তারিখ ১(এক) দিন ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য ঢাকা ওয়াসার এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট, আদালত-১ এর স্মারক নং- ৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫-২৬, তারিখ ঃ ২০.০৫.২০২৫ইং এর মাধ্যমে কর্মসূচী জারী করা হয়েছে। ভ্রাম্যমান আদালত চলাকালে মড্‌স জোন-৪, রাজস্ব জোন-৪ এর বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট মহোদয়ের কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীসহ, পুলিশ ফোর্স উপস্থিত থাকবেন। ভ্রাম্যমান আদালতের সার্বিক কাজ সমাধা, উপস্থিত কর্মচারীগনের দুপুরের আপ্যায়ণ ও পুলিশ ফোর্স সহ বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা, লেবারের পারিশ্রমিক ও গাড়ী ভাড়া ইত্যাদি খরচ বাবদ ১(এক) দিনে সর্বমোট = ১০,০০০/- (দশ হাজার) টাকা আর্থিক বরাদ্দের প্রয়োজন। সম্ভাব্য খরচের ব্রেক-আপ নিম্নরূপ ঃ-

ক) গাড়ী ভাড়া বাবদ	= ২,০০০/-
খ) আইন শৃঙ্খলা বাহিনী, পেশকার ও অন্যান্যদের সম্মানি বাবদ	= ৩,৫০০/-
গ) বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি বাবদ	= ২,০০০/-
ঘ) আইন শৃঙ্খলা বাহিনী, ম্যাজিষ্ট্রেট মহোদয় মড্‌স জোনের কর্মকর্তা/কর্মচারী এবং রাজস্ব জোনের কর্মকর্তা/কর্মচারীগনের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ	= ২,৫০০/-
সর্বমোট	= ১০,০০০/-

৯৪। এমতাবস্থায়, বিশেষ অভিযান পরিচালনার জন্য বর্ণিত খাতের খরচ মিটানোর লক্ষ্যে = ১০,০০০/- (দশ হাজার) টাকা 'স্পেশাল ড্রাইভ' এর খাত হতে পি.পি.আর ২০০৮ এর অনুচ্ছেদ-৮১(১) ধারা অনুযায়ী অস্থায়ী অগ্রিম হিসাবে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-৪ এর অনুকূলে প্রদানের সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। উল্লেখ্য যে, অস্থায়ী অগ্রিমের টাকা পরবর্তীতে সমন্বয়ের জন্য খাতওয়ারী খরচের ভাউচার হিসাব বিভাগে প্রেরণ করা হবে।

মোহাম্মদ মাহবুবুর রহমান
রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব)
রাজস্ব জোন-৪, ঢাকা ওয়াসা।

মোহাম্মদ আবু বকর সিদ্দিক খান
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৪, ঢাকা ওয়াসা।

মোঃ মাহবুবর রহমান
(উপসচিব)
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

ড. মুহাঃ মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি)
ও
প্রতিকল্প কর্মকর্তা
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা।

এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

মোঃ মাহবুবর র...
উপ...
প্রধান রাজস্ব ক...
ঢাকা ওয়া...

মোহাম্মদ আবু বকর সিদ্দিক খান
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৪, ঢাকা ওয়াসা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত
ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন (১৪ তলা)
কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dwasa.org.bd

স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫-২৬ তারিখ : ০৬ জ্যৈষ্ঠ, ১৪৩২ / ২০ মে, ২০২৫

বিষয় ঃ জুন / ২০২৫ মাসে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত পুলিশ ফোর্স মোতায়েন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মেট্রোপলিটন এলাকায় নিম্নলিখিত এলাকায় ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬(১৯৯৬ সনের ৬ নং আইন)সহ অন্যান্য আইনে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্ত আগামী ০১/০৬/২০২৫ খ্রি. হতে ৩০/০৬/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সময় নিম্নলিখিত ছ'কে ধার্য করা হয়েছে।

ক্র:নং	রাজস্ব জোন	থানার আওতাধীন এলাকা সমূহ	মোবাইল কোর্ট পরিচালনার তারিখ সমূহ
০১.	০১	যাত্রাবাড়ী, মতিঝিল, ওয়ারী, সূত্রাপুর	০১/০৬/২০২৫
০২.	০৬	রমনা, মতিঝিল, খিলগাঁও, রামপুরা, পল্টন	০২/০৬/২০২৫
০৩.	০৭	যাত্রাবাড়ী, শ্যামপুর, কদমতলী, ডেমরা	০৩/০৬/২০২৫
০৪.	০৪	পল্লবী, রূপনগর, মিরপুরমডেল,শাহ আলীবাগ, দারুস সালাম	১৬/০৬/২০২৫
০৫.	১০	মিরপুর মডেল থানা, কাফরুল, পল্লবী, ভাষানটেক	১৭/০৬/২০২৫
০৬	০৯	উত্তরা, এয়ারপোর্ট, খিলক্ষেত, উত্তরখান, দক্ষিনখান	১৮/০৬/২০২৫
০৭.	০২	লালবাগ, হাজারীবাগ, বংশাল, চকবাজার	১৯/০৬/২০২৫, ২২/০৬/২০২৫
০৮.	০৫	মহাখালী, বনানী, গুলশান, তেজগাঁও, তেজগাঁও শিল্প অঞ্চল	২৩/০৬/২০২৫, ২৪/০৬/২০২৫
০৯.	০৮	গুলশান, বাড্ডা, খিলক্ষেত, ভাটারা	২৫/০৬/২০২৫, ২৬/০৬/২০২৫
১০.	০৩	মোহাম্মদপুর, ধানমন্ডি, নিউমার্কেট, আদাবর	২৯/০৬/২০২৫, ৩০/০৬/২০২৫

এমতাবস্থায়, উপরোল্লিখিত তারিখে সকাল ৯.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারী কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তার জন্য অফিসারসহ কমপক্ষে ০৫(পাঁচ) জন পুলিশ ফোর্স উপরোল্লিখিত ছ'ক অনুযায়ী মিরপুর পুলিশ লাইনস্ / সংশ্লিষ্ট থানা থেকে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মুঃ রাসেদুজ্জামান)
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
আদালত-০১, ঢাকা ওয়াসা
ফোন: ০১৭৫৯-৫৬০৯০০
courtdwasac1@gmail.com

পুলিশ কমিশনার
ঢাকা মেট্রোপলিটন পুলিশ
রমনা, ঢাকা-১০০০।

স্মারক নম্বর-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫/২৬ তারিখঃ ২০ মে, ২০২৫

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।
০২. উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)/অর্থ/ওএন্ডএম/আরপিএন্ডডি/ ঢাকা ওয়াসা।
০৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ঢাকা।
০৪. বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
০৫. সচিব, ঢাকা ওয়াসা।
০৬. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
০৭. উপ-পুলিশ কমিশনার(অপারেশনস্), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ৩৬, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, রমনা, ঢাকা।
০৮. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, আদালত-২ / ৩, ঢাকা ওয়াসা।
০৯. নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮/০৯/১০ ঢাকা ওয়াসা। (একজন উপ-বিভাগীয় প্রকৌশলীর নেতৃত্বে সংশ্লিষ্ট লোকবলসহ সংযোগ বিচ্ছিন্নকারী দল প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল)।
১০. উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-০১/০২/০৩/০৪/০৫/০৬/০৭/০৮/০৯/১০, ঢাকা ওয়াসা। (নির্ধারিত তারিখে একজন সহকারী রাজস্ব কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট লোকবলসহ সংযোগ বিচ্যুতকারী দল প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল)।
১১. অফিসার ইনচার্জ, ..., ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১২. পরিবহন কর্মকর্তা, ঢাকা ওয়াসা। নির্ধারিত তারিখে সকাল ৮.৩০ ঘটিকায় ওয়াসা ভবনের সামনে একটি মাইক্রোবাস জ্বালানীসহ প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হল।
১৩. অফিস কপি।

২০.০৫.২৫
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
আদালত-০১
ঢাকা ওয়াসা।